রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৩

জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ঢাকা।
website: www.jb.com.bd

আরসিডি সার্কুলার নং- ১১৮/২৫

তারিখ: ১০/০৯/২০২৫ খ্রিঃ
২৬ ভাদ্র ১৪৩২ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০.০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সময়সীমা বৃদ্ধি।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, দেশে গম ও ভুট্টার পর্যাপ্ত চাহিদা থাকা সত্ত্বেও উক্ত শস্যগুলোর উৎপাদনের পরিমাণ যথেষ্ট নয়। এ কারণে দেশে গম, ভুট্টা ও এগুলো হতে উৎপাদিত খাদ্য দ্রব্যাদির সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রতিবছর গম ও ভুট্টা আমদানি করার জন্য উল্লেখযোগ্য পরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যয় করতে হয়। এ প্রেক্ষিতে দেশে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধিকল্পে ১,০০০.০০ (এক হাজার) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনার নীতিমালা ঘোষণা করা হয়েছে। সেপ্রেক্ষিতে অত্র ব্যাংকের আরসিডি সার্কুলার নং- ১১০/২০২২ তারিখ- ২০/১০/২০২২ জারী এবং মাঠ পর্যায়ে প্রেরণের নিমিত্ত ব্যাংকের ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।

২.০০। সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ কর্তৃক তাদের এসিডি সার্কুলার লেটার নং- ০২ তারিখ- ২৮ আগস্ট, ২০২৫ (১৩ ভাদ্র ১৪৩২) এর মাধ্যমে দেশে গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধিকল্পে গঠিত ১,০০০.০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের মাধ্যমে ঋণ বিতরণের সময়সীমা বৃদ্ধি করা হয়েছে, যা নিম্নে হুবহু উদ্ধৃত হল: উদ্ধৃত

"শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং- ০৫, তারিখ: ২৫/০৮/২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গঠিত ১,০০০.০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণের সময়সীমা ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এতদ্ব্যতিত, এসিডি সার্কুলার নং-০৫, তারিখ: ২৫/০৮/২০২২ এর অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।" অনুদ্ধৃত

৩.০০। অতএব, এ ব্যাংক কর্তৃক জারীকৃত আরসিডি সার্কুলার নং- ১১০/২০২২ তারিখ- ২০/১০/২০২২ এর নীতিমালা যথাযথভাবে পরিপালনপূর্বক অত্র সার্কুলারে প্রদত্ত বর্ধিত সময়সীমার মধ্যে অর্থাৎ ৩০ জুন ২০২৭ এর মধ্যে প্রদত্ত বরাদ্দ/লক্ষ্যমাত্রার শতভাগ ঋণ বিতরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হলো।

৪.০০। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

মোঃ আলতাফ হোসেন
উপ-মহাব্যবস্থাপক

মোঃ আব্দুল মতিন
মহাব্যবস্থাপক